## উপজেলা পরিষদ, কয়রা, খুলনার মার্চ/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এস, এম, শফিকুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কয়রা, খুলনা। |
| তারিখ | ঃ | ২৮/০৩/২০২৪ খ্রি.। |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-"ক"। |

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর ২২/০২/২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা হয় ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রমনং | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান Her Royal Highness Crown Princess Victoria of Sweden অতীব গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় ব্যক্তি হিসেবে গত ১৯ মার্চ ২০২৪ খ্রি. তারিখে কয়রা উপজেলায় আগমন উপলক্ষে কপোতাক্ষ মহাবিদ্যালয় মাঠে অস্থায়ী হ্যালিপ্যাড জরুরী অগ্রাধিকার ভিত্তিতে নির্মাণ করা হয়। যার প্রাক্কলিত মূল্য ৯,৬৭,০৪৮/- (নয় লক্ষ সাতষট্টি হাজার আটচল্লিশ) টাকা প্রাক্কলন অনুযায়ী জরুরী ভিত্তিতে সম্পাদন করা হয়। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপস্থিতিতে সভার সকলে উক্ত বাস্তবায়িত অস্থায়ী হ্যালিপ্যাডটির ব্যয়ভার উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে ব্যয় নির্বাহের জন্য মতামত প্রদান করেন।<br><br>(খ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টারপ্লান প্রণয়ন মৌলিক অবকাঠামো উন্নয়ন (ইউটিএমডিপি) প্রকল্পের আওতায় ড্রেন নির্মাণ কাজের উপজেলা হেড কোয়ার্টার-গিলাবাড়ি জিসি রাস্তার চেঃ ৪৮০ মিটারে ১মি.X১মি.X৬.৫ মি. আরসিসি বক্স কালভার্ট নির্মাণ করা জরুরী প্রয়োজন। সেমতে উক্ত কালভার্ট নির্মাণ কাজের প্রাক্কলিত মূল্য ৩,৬৫,২৫৮/- (তিন লক্ষ পঁয়ষট্টি হাজার দুইশত আটান্ন) টাকা। উক্ত কাজটি কোটেশনের মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন।<br><br>(গ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, দক্ষিণ বেদকাশী ইউনিয়নের ঘড়িলাল আন্তঃ জেলা খেয়াঘাটটি খুলনা জেলার কয়রা ও সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার ০২টি উপজেলার আন্তঃ জেলা খেয়াঘাট হওয়ায় চেয়ারম্যান, দক্ষিণ বেদকাশী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনার ঘাটটি সংস্কারের জন্য আবেদন করেন। ঘাটটি দুইটি উপজেলার যোগাযোগের একমাত্র মাধ্যম হওয়ায় এবং জনবহুল অতি গুরুত্বপূর্ণ বিবেচিত হওয়ায় যাত্রীদের পারাপারের সুবিধার্থে ঘাটটি জরুরী মেরামত করা প্রয়োজন। এছাড়া খেয়াঘাট সংলগ্ন ঘড়িলাল জিসি বাজার অবস্থিত। সে আলোকে সভার সকলের মতামতের ভিত্তিতে জরুরী এবং জনগুরুত্বপূর্ণ ঘাটটি মেরামতের নিমিত্ত উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার প্রাক্কলণ দাখিল করেছেন। ঘাটটি জরুরী মেরামতের নিমিত্ত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে একমত পোষণ করেন।<br><br>(ঘ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, মহেশ্বরীপুর ইউনিয়নের হড্ডা মাঝের পাড়া আক্তার গাজীর বাড়ী হতে শফি গাজীর বাড়ি অভিমুখে ইটের সোলিং রাস্তা মেরামতের জন্য স্থানীয় | (ক) সভার বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে Her Royal Highness Crown Princess Victoria of Sweden অতীব গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় ব্যক্তি হিসেবে কয়রা উপজেলায় আগমন উপলক্ষে কপোতাক্ষ মহাবিদ্যালয় মাঠে অস্থায়ী হ্যালিপ্যাড জরুরী অগ্রাধিকার ভিত্তিতে নির্মাণ কাজের প্রাক্কলিত মূল্য ৯,৬৭,০৪৮/- (নয় লক্ষ সাতষট্টি হাজার আটচল্লিশ) টাকা প্রাক্কলন কোটেশনের মাধ্যমে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br><br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা হেড কোয়ার্টার-গিলাবাড়ি জিসি রাস্তার চেঃ ৪৮০ মিটারে ১মি.X১মি.X৬.৫ মি. আরসিসি বক্স কালভার্ট কালভার্ট নির্মাণ কাজটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রাক্কলিত মূল্য ৩,৬৫,২৫৮/- (তিন লক্ষ পঁয়ষট্টি হাজার দুইশত আটান্ন)টাকার কাজটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(গ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে দক্ষিণ বেদকাশী ইউনিয়নের ঘড়িলাল আন্তঃ জেলা খেয়াঘাটটি মেরামতের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার অনুমোদিত প্রকল্পটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কয়রা ও উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জনসাধারণের আবেদন করেন। সেমতে উক্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতের নিমিত্ত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে একমত পোষণ করেন। উক্ত কাজের প্রাক্কলন ও প্রকল্প বাস্তবায়ন কমিটি পাওয়া গেছে যা নিম্নরূপঃ প্রাক্কলিত মূল্যঃ ২,০০,০০০/-<br>ক্রঃ নং   নাম ও পদবী   কমিটির পদ<br>১. উত্তম কুমার মন্ডল, ইউপি সদস্য   সভাপতি<br>২. অসীম মন্ডল, গন্যমান্য   সচিব<br>৩. অলকা মন্ডল, সমাজসেবিকা   সদস্য<br>৪. স্বপন রায়, শিক্ষক   সদস্য<br>৫. উত্তম মন্ডল, সমাজসেবক   সদস্য<br>৬. নিশিকান্ত বৈদ্য, গন্যমান্য   সদস্য<br>৭. মধুসুদন মন্ডল, গন্যমান্য   সদস্য | মহেশ্বরীপুর ইউনিয়নের হড্ডা মাঝের পাড়া আক্তার গাজীর বাড়ী হতে শফি গাজীর বাড়ি অভিমুখে ইটের সোলিং রাস্তা মেরামতের কাজের ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের প্রাক্কলনটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, মহেশ্বরীপুর ইউনিয়নের কালিকাপুর চৌরাস্থার মোড় বাজারের গণশৌচাগার নির্মানের জন্য স্থানীয় বাজার কমিটির সভাপতি আবেদন করেন। মাননীয় সংসদ মহোদয়ের নির্দেশনা মোতাবেক উক্ত বাজারে একটি গণশৌচাগার নির্মানের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভার সকলে একমত পোষণ করেন। উক্ত কাজের প্রাক্কলন ও প্রকল্প বাস্তবায়ন কমিটি পাওয়া গেছে যা নিম্নরূপঃ প্রাক্কলিত মূল্যঃ ২,০০,০০০/-<br>ক্রঃ নং   নাম ও পদবী   কমিটির পদ<br>১. মোছাঃ হোসনেয়ারা খাতুন, ইউপি সদস্য   সভাপতি<br>২. এস এম ইব্রাহিম, সমাজসেবক   সচিব<br>৩. শামীম হাসান রোজেল, গন্যমান্য   সদস্য<br>৪. জহুরুল হক মুকুল, শিক্ষক   সদস্য<br>৫. আবুল হোসেন, সমাজসেবক   সদস্য<br>৬. আকরাম হোসেন সানা, গন্যমান্য   সদস্য<br>৭. রফিকুল বিশ্বাস, ইমাম   সদস্য | (ঙ) সভায় এতদ্ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে ম মহেশ্বরীপুর ইউনিয়নের কালিকাপুর চৌরাস্থার মোড় বাজারের গণশৌচাগার নির্মানের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ের প্রাক্কলনটি ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | | (চ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিষদের জন্য আসবাবপত্র সংগ্রহ/মেরামত করার নির্দেশনা রয়েছে। নতুন আসবাবপত্র ক্রয় খাতে বছরে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয় করা যাবে। উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের সভাকক্ষে নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য তিনি সভায় প্রস্তাব করেন। সভার সকলে উক্ত বিষয়ে একমত পোষণ করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনাকে উক্ত কাজের বাস্তবতার আলোকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধ করেন। উক্ত মতামতের ভিত্তিতে উপজেলা পরিষদ ভবনের সভাকক্ষে নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত ও কাজটি কোটেশনের মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সভার সকলে মতামত ব্যক্ত করেন। | (চ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) নং অনুচ্ছেদে উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের সভাকক্ষে নতুন আসবাবপত্র ক্রয়ের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত ও কাজটি কোটেশনের মাধ্যমে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা। | (ক) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা মহোদয়ের কার্যালয়ের ২৩-১০-২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৪.০০০০.০০৪.০৪.০০২.২৩-৮৫৭ (যুক্ত) (২২) নং স্মারক পত্রটি সভায় উপস্থাপন করেন। পত্রে আন্তঃজেলা খেয়াঘাট সমূহের বাংলা ১৪২৯ সনের ইজারা ও খাস আদায়লব্দ অর্থ বাবদ ১১,৫১,৪২১/- (এগারো লক্ষ একান্ন হাজার চারশত একুশ) টাকার ক্রস চেক প্রদান করেছেন। যার চেক নং সিডিবি-০৮৫৭৬৮৪, তারিখ | (ক) সভায় এতদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আন্তঃজেলা খেয়াঘাট সমূহের বাংলা ১৪২৯ সনের ইজারা ও খাস আদায়লব্দ অর্থ বাবদ ১১,৫১,৪২১/- (এগারো লক্ষ একান্ন হাজার চারশত একুশ) টাকার উপজেলা | উপজেলা নির্বাহী অফিসার কয়রা, খুলনা। |

২১-১০-২০২৩। চেকটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা প্রদান এবং নীতিমালার ৫ নং (ইজারালব্ধ আয় বন্টন) নীতি যথাযথভাবে অনুসরণ করার জন্য পত্রে নির্দেশনা রয়েছে। সে আলোকে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল চলতি হিসাব নং- ২৭১৭০০১০১৯৭৯৯ সোনালী ব্যাংক লিমিটেড, কয়রা শাখায় গত ১৯/১১/২০২৩ খ্রি. তারিখে ২৮ নং সোটানুচ্ছেদে চেকটি জমা প্রদান করা হয়েছে। উক্ত আন্ত:জেলা খেয়াঘাটসমূহের ১১,৫১,৪২১/- (এগারো লক্ষ একান্ন হাজার চারশত একুশ) ০৭টি ইউনিয়নের জনসংখ্যার ভিত্তিতে সুষম বন্টনের জন্য প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবে সভার সকলে একমত পোষণ করেন।

| ক্র: নং | ইউনিয়নের নাম | প্রাপ্য হার | বিভাজিত টাকা |
|---|---|---|---|
| ১. | আমাদী | ১৬.৪৪% | ১,৮৯,২৯৪/- |
| ২. | বাগালী | ১৮.১০% | ২,০৮,৪০৭/- |
| ৩. | মহেশ্বরীপুর | ১৭.৩৭% | ২,০০,০০২/- |
| ৪. | মহারাজপুর | ১৬.০৬% | ১,৮৪,৯১৮/- |
| ৫. | কয়রা | ১৪.৯০% | ১,৭১,৫৬২/- |
| ৬. | উত্তর বেদকাশী | ৮.১৯% | ৯৪,৩০১/- |
| ৭. | দক্ষিণ বেদকাশী | ৮.৯৪% | ১,০২,৯৩৭/- |
| | | মোট= | ১১,৫১,৪২১/- |

ফেরীঘাট/খেয়াঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বন্টন সম্পর্কিত নীতিমালায় উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক খেয়াঘাটের বিভাজনকৃত অর্থ সুষমবন্টনের নির্দেশনা রয়েছে। বিভাজিত অর্থ সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের মধ্যে বন্টনের নিমিত্ত উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল চলতি হিসাব নং ২৭১৭০০১০১৯৭৯৯ হতে চেক প্রস্তুতের জন্য সভার সকলে একমত পোষণ করেন।

পরিষদ উন্নয়ন তহবিল চলতি হিসাব নং ২৭১৭০০১০১৯৭৯৯ তে জমাকৃত অর্থ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯/০৪/২০০৩ খ্রি তারিখে প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনার আলোকে কয়রা উপজেলার ০৭ (সাত) টি ইউনিয়নের মধ্যে সুষম বন্টনের মাধ্যমে বিভাজনকৃত টাকা ছাড়করণের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(খ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, ১৪৩১ বঙ্গাব্দে হাট-বাজারের ১ম পর্বের প্রাপ্ত দরপত্রসমূহ মূল্যায়ন কমিটি কর্তৃক যাচাই বাছাই অন্তে যে সমস্ত দর সর্বোচ্চ ও সরকারি সম্ভাব্য মূল্যের চেয়ে বেশি তা সভায় অনুমোদনের জন্য নিম্ন বর্ণিত ছকে উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ১৪৩১ সনের সম্ভাব্য সরকারি মূল্য | দাখিলকৃত দরপত্রের সংখ্যা | ১৪৩১ সনের দখিলকৃত সর্বোচ্চ দর | বিডি নম্বর, তারিখ ও টাকার পরিমাণ | সর্বোচ্চ দরদাতার নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ভাভারপোল হাট | ৩৮,১৬০/- | ০১টি | ৪২,১০০/- | (ক) পিওজি ০০০০৭৩৪, তারিখ ২২/০২/২০২৪ টাকার পরিমাণ-১২,০০০/- (খ) পিওজি ০০০০৮৩১, তারিখ ২৮/০২/২০২৪ টাকার পরিমাণ-৬৩০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব মোঃ রহমত সানা পিং মোঃ আঃ রাজ্জাক সানা সাং- আমতলা গিলাবাড়ী, সাতহালিয়া কয়রা, খুলনা। | সর্বোচ্চ দরদাতা |
| ২. | সুড়িখালী হাট | ১,১৩,০৬৭/- | ০৩টি | ১,২৫,৫০০/- | (ক) পিওএ ৩৭৬৩১২১, তারিখ ২৫/০২/২০২৪ টাকার পরিমাণ-৬০,০০০/- অগ্রণী ব্যাংক লিঃ, জায়গীরমহল শাখা | জনাব এস,এম আকবর হোসেন পিং মোঃ শামছের আলী সরদার, সাং- আমাদী, আমাদী, কয়রা, খুলনা। | সর্বোচ্চ দরদাতা |
| ৩. | | | | ১,১৬,৫০০/- | (ক) পিওএ ৩৭৬৩১২০, তারিখ ২৫/০২/২০২৪ টাকার পরিমাণ-৪০,০০০/- অগ্রণী ব্যাংক লিঃ, জায়গীরমহল শাখা | জনাব মোঃ সিরাজুল ইসলাম পিং- মোঃ জামান উদ্দীন গাজী সাং- আমাদী, ডাকঘর- আমাদী কয়রা, খুলনা। | |
| ৪. | | | | ১,১৬,৫০০/- | (ক) পিওজি ০০০০৮৭৭, তারিখ ২৮/০২/২০২৪ | জনাব মোঃ আঃ কাদের মল্লিক পিং- মৃত ইসমাইল মল্লিক | |

চলমান পাতা- ০৪

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | টাকার পরিমাণ-৩৫,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা | সাং- কালিকাপুর, ডাকঘর- সাতহালিয়া কয়রা, খুলনা। | |
| ৫. | খোড়লকাটি হাট | ৩০,২২৮/- | ০১টি | ৩৫,৫০০/- | ক)পিওজি ০০০০৭৯৭, তারিখ ২৫/০২/২০২৪ টাকার পরিমাণ- ১২,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব মোঃ শফিকুল ইসলাম পিং- মৃত ওসমান সরদার সাং- মহারাজপুর, ডাকঘর- মহারাজপুর, কয়রা, খুলনা। | সর্বোচ্চ দরদাতা |
| ৬. | হোগলার হাট | ৪৫,১৩৮/- | ০১টি | ৪৪,০০০/- | (ক) পিওজি ০০০০৮১০ তাং ২৭/০২/২০২৪, টাকা ১৪,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব ইমরান হোসেন জাকি পিং আঃ ছালাম পাড় সাং- বায়লাহারানিয়া, ডাকঘর- বামিয়া, কয়রা, খুলনা। | [illegible] |
| ৭. | চৌকুনী হাট | ২৭,৯৭৩/- | ০১টি | ৩৩,১০০/- | (ক) পিওজি ০০০০৭৯৬ তাং ২৫/০২/২০২৪, টাকা ১০,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব আফছার গাজী পিং- মৃত আরমান গাজী সাং- মহেশ্বরীপুর, ডাকঘর- মহেশ্বরীপুর, কয়রা, খুলনা। | সর্বোচ্চ দরদাতা |
| ৮. | সুতির হাট | ২,২৯৭/- | ০১টি | ৩,১০০/- | (ক) পিওজি ০০০০৭৭৫ তাং ২২/০২/২০২৪, টাকা ১,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব মোঃ কোহিনুর মালী পিং- ছাবের মালী সাং- মঠবাড়ী, ডাকঘর- মহারাজপুর, কয়রা, খুলনা। | সর্বোচ্চ দরদাতা |
| ৯. | দেউলিয়া হাট | ৩,৯৬,০৮৭/- | ০৩টি | ৬,০৪,৯৯৮/- | (ক)পিওজি ০০০০৭৪৪, তাং ২২/০২/২০২৪, টাকা ১,০০,০০০/- (খ) পিওজি ০০০০৮২৯, তাং ২৭/০২/২০২৪, টাকা ৩০,০০০/- (গ) পিওজি ০০০০৮৪৯, তাং ২৮/০২/২০২৪, টাকা ৫১,৫০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব আনিচুর রহমান পিং আঃ ওহাব গাজী সাং- ০১ নং কয়রা, ডাকঘর-মদিনাবাদ, কয়রা, খুলনা। | সর্বোচ্চ দরদাতা |
| ১০. | | | | ৫,১৬,৫০০/- | (ক) ০৫৬৬৪০১, তাং ১২/০২/২০২৪, টাকা ১,২৫,০০০/- (খ) ০৫৬৬৪৬০, তাং ২৮/০২/২০২৪, টাকা ৫১,৫০০/-, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, | জনাব শাহনারা পারভীন পিতাঃ আঃ জব্বার হাওলাদার সাং- ০১ নং কয়রা, ডাকঘর-মদিনাবাদ, কয়রা, খুলনা। | |
| ১১. | | | | ৪,২০,০০০/- | (ক) পিওজি ০০০০৫২১, তাং ১২/০২/২০২৪, টাকা ১,০০০/-, (খ) পিওজি ০০০০৮০৯, তাং ২৫/০২/২০২৪, টাকা ১,২৫,০০০/-, সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব মোঃ কামরুল ইসলাম পিং মৃত আঃ হাকিম গাজী সাং- ১নং কয়রা, ডাকঘর- মদিনাবাদ, কয়রা, খুলনা। | |
| ১২. | হায়াতখালী হাট | ৩২,৭১৯/- | ০৩টি | ৪০,১০০/- | (ক) পিওজি ০০০০৭৭৩, তাং ২২/০২/২০২৪, টাকা ১৪,০০০/-, সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব মোঃ শরিফুল ইসলাম পিং-মৃত ওসমান সরদার সাং- মঠবাড়ী, ডাকঘর- মহারাজপুর, কয়রা, খুলনা। | |
| ১৩. | | | | ৪৩,০০০/- | (ক) পিওজি ০০০০৮২৮, তাং ২৭/০২/২০২৪, টাকা ২৫,০০০/-, সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব মেহেদী হাসান পিং-মোঃ খায়রুল ইসলাম গাইন, সাং- কালনা, ডাকঘর-আমাদী, কয়রা, খুলনা। | সর্বোচ্চ দরদাতা |
| ১৪. | | | | ৪২,০০০/- | (ক) পিওজি ০০০০৮১৫, | জনাব মোঃ নজরুল ইসলাম | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | তাং ২৭/০২/২০২৪, টাকা ১৩,০০০/-, সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | পিং-মোঃ রহিম বক্স গাজী সাং- মঠবাড়ী, ডাকঘর-মহরাজপুর, কয়রা, খুলনা। | |
| ১৫. | বড়বাড়ী হাট | ২,৮২৭/- | ০১টি | ৩,০০০/- | (ক) পিওজি ০০০০৫২২, তাং১২/০২/২০২৪, টাকা ১,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা, খুলনা। | জনাব সাইদুর রহমান পিং- সোহরাব হোসেন গাজী সাং শেখ সরদার পাড়া, উত্তর বেদকাশী, কয়রা, খুলনা। | সর্বোচ্চ দরদাতা |

এমতাবস্থায়, দরপত্র মূল্যায়ন কমিটির ২৮/০২/২০২৪ খ্রিঃ তারিখের সিদ্ধান্ত মোতাবেক ১ম পর্বে হোগলার হাটের দাখিলকৃত দর সরকারি সম্ভাব্য মূল্যের চেয়ে কম হওয়ায় বাতিলের এবং ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে ইজারা প্রদানের জন্য অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। উপরিউক্ত ০৮টি হাট-বাজারের সর্বোচ্চ দরদাতার অনুকূলে ১৪৩১ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছরের ইজারা প্রদানের প্রাপ্ত দরপত্রসমূহ মতামত/সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা না হলে ইজারা কার্যক্রমের পাশাপাশি বিধি মোতাবেক খাস আদায় কার্যক্রম অব্যাহত, যে সকল দরদাতার দাখিলি দর গৃহীত হয়নি তাদের বিডি/পিও বিধি মোতাবেক ফেরত প্রদান, সর্বোচ্চ দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ইজারামূল্য (১৫% ভ্যাট ও ১০% আয়করসহ) পরিশোধে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্তসহ ২য় সর্বোচ্চ দরদাতার দর সম্ভাব্য সরকারি মূল্যের চেয়ে বেশী হলে তার অনুকূলে ইজারা প্রদান এবং ইজারা বহির্ভূত হোগলার হাটের দাখিলকৃত দর সরকারি সম্ভব্য মূল্যের চেয়ে কম হওয়ায় বাতিলের এবং ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে ইজারা প্রদানের জন্য অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১ম পর্বে দরপত্র দাখিল বর্হিভূত আমাদী হাট, আমাদী বাজার, ঘুগরাকাটি হাট, গিলাবাড়ী হাট, বানিয়াখালী হাট, অন্তাবুনিয়া হাট, ঝিলিয়াঘাটা হাট, জোড়শিং হাট, ঘড়িলাল হাট ও বেদকাশী হাটের বিপরীতে কোন দরপত্র জমা না হওয়ায় উহার কার্যক্রম পরবর্তী ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা না হলে ইজারা কার্যক্রমের পাশাপাশি সহকারী কমিশনার(ভূমি), কয়রা, খুলনা বিধি মোতাবেক খাস আদায় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| | প্রাপ্ত দরপত্রসমূহ পর্যালোচনা অন্তে দেখা যায় যে, ১৯ টি হাট বাজারের মধ্যে ১ম পর্বে ০৯টি হাট-বাজরের বিপরীতে মোট ১৫(পনের)টি দরপত্র দাখিল হয়। তন্মোধ্যে উপরে বর্ণিত ০৮টি হাট বাজারের সর্বোচ্চ দরদাতার অনুকূলে ১৪৩১ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছরের ইজারা প্রদানের জন্য সভার সকলে মতামত প্রদান করেন। | সিদ্ধান্ত- ১৪৩১ বঙ্গাব্দে ১ম পর্বে বর্ণিত ০৮টি সর্বোচ্চ দরদাতার অনুকূলে ১৪৩১ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছরের ইজারা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা সভায় জানান ১৪৩১ বঙ্গাব্দে খেয়াঘাট/ লঞ্চঘাট/ ট্রলারঘাট/মৎস্যসেড ইজারা সংক্রান্ত টেন্ডার বক্সে ১ম পর্বে প্রাপ্ত দরপত্রসমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে খোলা হয়। কয়রা উপজেলায় ১৪৩১ বঙ্গাব্দে ইজারার জন্য ক্যালেন্ডারভুক্ত মোট ০৯ টি খেয়াঘাট/লঞ্চঘাট/মৎস্যসেডসমূহের মধ্যে নিম্নবর্ণিত ০৭ (নয়)টি খেয়াঘাট/লঞ্চঘাট/মৎস্যসেড এর বিপরীতে এ কার্যালয় এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ে সর্বমোট ০৭(সাত) টি দরপত্র দাখিল হয়। দাখিলকৃত দরপত্রসমূহ যাচাই বাছাই অন্তে বিস্তারিত বিবরণ নিম্নরূপঃ- | | |

| ক্রঃ নং | খেয়াঘাট/ লঞ্চঘাট/ মৎস্যসেড সমূহের নাম | ১৪৩১ সনের সম্ভাব্য সরকারি মূল্য | দাখিলকৃত দরপত্রের সংখ্যা | ১৪৩১ সনে দাখিলকৃত সর্বোচ্চ দর | বিডি/পিও নম্বর, তারিখ ও টাকার পরিমাণ | সর্বোচ্চ দরদাতার নাম ও ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ভাডারপোল খেয়াঘাট | ৪১,৯২৯/- | ০১টি | ৫৪,১০১/- | (ক) বিডি নং ০০০০৭৭৬, তাং- ২২/০২/২০২৪ টাঃ ১৫,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা। | জনাব মোঃ জহিরুল ইসলাম পিং-মোঃ আঃ সাত্তার মোড়ল সাং-ফতেকাটি, ডাকঘর-ভাডারপোল, কয়রা, খুলনা। | পেশাদার পাটনী মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়ন পাওয়া গেছে। |
| ২. | সুতির বাজার লঞ্চঘাট | ২০,২৪০/- | ০১টি | ২১,৫০০/- | (ক) বিডি নং ০০০০৭৭৪, তাং- ২২/০২/২০২৪ টাঃ ১০,০০০/-, সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা। | জনাব মোঃ কোহিনুর মালী পিং-ছাবের মালী সাং-মঠবাড়ী, ডাকঘর- মহারাজপু কয়রা, খুলনা। | |
| ৩. | মদিনাবাদ মৎস্য সেড | ২৯,২৬০/- | ০১ টি | ৩০,২০০/- | (ক) বিডি নং ০০০০৮১১, তাং- ২৭/০২/২০২৪ টাঃ ৮,৫০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা। | জনাব ইউনুছ আলী পিং-মৃত আবুল হোসেন সরদার সাং-০৪ নং কয়রা, ডাকঘর- কয়রা (মদিনাবাদ), কয়রা, খুলনা। | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ৪. | গিলাবাড়ি খেয়াঘাট | ৮,৩৬,৬৬০/- | ০১টি | ৮,৪০,০০০/- | ক) বিডি নং- ০০০০৮৫৬, তাং- ২৮/০২/২০২৪ টাঃ ২,১০,০০০/-, সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা। | জনাব মোঃ আঃ রাজ্জাক সরদার পিং- মৃত বেলায়েত আলী সরদার সাং- গিলবাড়ি, ডাকঘর- সাতহালিয়া কয়রা, খুলনা। | পেশাদার পাটনী মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়ন পাওয়া গেছে।<br>মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং ২৩১৮/২০২৪ মামলায় ইজারা প্রদান কার্যক্রম ০৬ মাসের স্থগিত আদেশ প্রদান করেছে। |
| | ৫. | সরদারঘাট লঞ্চঘাট | ১৫,৪০০/- | ০১ টি | ২১,১০০/- | (ক) বিডি নং ০০০০৭৯৫, তাং- ২৫/০২/২০২৪ টাঃ ১০,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা। | জনাব মোঃ শফিকুল ইসলাম পিং-মৃত ওসমান সরদার সাং-মহারাজপুর, ডাকঘর মহারাজপুর, কয়রা, খুলনা। | |
| | ৬. | গোলখালী মৎস্য সেড | ২৪,৫৩০/- | ০১টি | ২৪,৬৭০/- | (ক) বিডি নং ০০০০৮৬১, তাং- ২৮/০২/২০২৪ টাঃ ৭,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা। | জনাব মোঃ হাফিজুর রহমান পিং-গাজী আব্দুস সাত্তার সাং-দক্ষিণ বেদকাশী, ডাকঘর- চরামুখা কয়রা, খুলনা। | |
| | ৭. | আংটিহারা মৎস্য সেড | ১০,০১০/- | ০১ টি | ১০,১৭০/- | (ক) বিডি নং ০০০০৮৭৯, তাং- ২৮/০২/২০২৪ টাঃ ১,০০০/- (খ) বিডি নং ০০০০৮৬০, তাং- ২৮/০২/২০২৪ টাঃ ২,০০০/- সোনালী ব্যাংক লিঃ, কয়রা শাখা। | জনাব মোঃ হাফিজুর রহমান পিং-গাজী আব্দুস সাত্তার সাং-দক্ষিণ বেদকাশী, ডাকঘর- চরামুখা কয়রা, খুলনা। | |

দাখিলকৃত দরপত্রসমূহ যাচাই বাছাই অন্তে ও পর্যালোচনান্তে দেখা যায় যে, জেলা ও উপজেলায় স্থাপিত ২৮-০২-২০২৪ খ্রি তারিখে ১ম পর্বে উপরোক্ত বর্ণিত ০৭টি খেয়াঘাট/ ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেড সমূহের মধ্যে দরপত্র টেন্ডার বক্সে জমা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ১৯-০৪-২০০৩ খ্রি. তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকের "হস্তান্তরিত ফেরীঘাট ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্বৃত্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা-২০০৯" এর শর্ত মোতাবেক দরপত্র দাতা "জন্মগত পেশাদার পাটনী" হলে দরপত্র ফরম (সিডিউলের) সাথে "জন্মগত পেশাদার পাটনী" সম্পর্কে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সদ্য স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র (হালনাগাদ) সংযুক্ত, জাতীয় পরিচয়পত্র (এন. আই. ডি) ফটোকপি দাখিল করতে হবে। সে আলোকে কয়রা উপজেলাধীন খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেড সমূহের ইজারা প্রদানের কমিটির সিদ্ধান্ত মোতবেক ইজারা বিজ্ঞপ্তির শর্তানুযায়ী ১ম দফায় "জন্মগত পেশাদার পাটনীগণের" নিকট থেকে দরপত্র আহ্বান করা হয়। ০১ নং ক্রমিকে ভাঙারপোল খেয়াঘাট, ০২ নং ক্রমিকে সুতির বাজার লঞ্চঘাট, ০৩ নং ক্রমিকে মদিনাবাদ মৎস্যসেড, ০৪ নং ক্রমিকে গিলাবাড়ি খেয়াঘাট, ০৫ নং ক্রমিকে সরদারঘাট লঞ্চঘাট, ০৬ নং ক্রমিকে গোলখালী মৎস্যসেড, ০৭ নং ক্রমিকে আংটিহারা মৎস্য সেডের বিপরীতে ০১টি করে দরপত্র, জেলায় এবং অত্র কার্যালয়ে দাখিল হয়। জেলায় দাখিলকৃত গিলাবাড়ী খেয়াঘাটের বিপরীতে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং ২৩১৮/২০২৪ মামলায় ০৪-০২-২০২৪ খ্রি. তারিখের ০৫.৪৪.৪৭৫৩.০০১.৩৯.০০৩.২৪-৯৭ নং স্মারকে জারিকৃত ইজারা প্রদান কার্যক্রম ০৬ মাসের স্থগিত আদেশ প্রদান করেছে। বিধায় গিলাবাড়ী খেয়াঘাট বাদে বাকী ০৬টি খেয়াঘাট/ট্রলারঘাট/লঞ্চঘাট/মৎস্যসেড সমূহের সর্বোচ্চ দরদাতার অনুকূলে বাংলা ১৪৩১ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছরের ইজারা প্রদানের চূড়ান্ত অনুমোদনকল্পে উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় পেশ করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা প্রদান চূড়ান্ত না হলে ইজারা কার্যক্রমের পাশাপাশি বিধি মোতাবেক খাস আদায় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়, যেসকল দরদাতার দাখিলি দর গৃহীত হয়নি তাদের বিডি/পিও বিধি মোতাবেক ফেরত প্রদান করা হবে, সর্বোচ্চ দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ইজারামূল্য (১৫% ভ্যাট ও ৫% আয়করসহ) পরিশোধে ব্যর্থ হলে তার জামানত বাজেয়াপ্তসহ ২য় সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং ১ম পর্বে দরপত্র দাখিল বর্হিভূত জায়গীরমহল ঘুগরাকাটি খেয়াঘাট ও বানিয়াখালী খেয়াঘাটের বিপরীতে কোন দরপত্র জমা না হওয়ায় উহার কার্যক্রম পরবর্তী ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা না হলে ইজারা কার্যক্রমের পাশাপাশি সহকারী কমিশনার(ভূমি), কয়রা, খুলনা বিধি মোতাবেক খাস আদায় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | উপজেলা কৃষি অফিস, কয়রা, খুলনা। | উপজেলা কৃষি অফিসার, কয়রা, খুলনা সভায় মার্চ/২০২৪ মাসের তথ্য উপস্থাপন করেন চলতি বোরো মৌসুমে বোরো রোগ ও পোকামাকড় দমনের কার্যক্রম চলমান রয়েছে। রবি মৌসুমে বোরো ধানসহ, গম, ভূট্টা, সূর্যমুখীর রোগ ও পোকামাকড় দমনের কার্যক্রম ও গ্রীষ্মকালীন সবজি রোপন ও বপন চলমান। এছাড়া বিভিন্ন প্রকল্পভুক্ত প্রদর্শনী স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br><br>৬০ জন কৃষক কৃষাণীর মাঝে পাটের বীজ ও সার এবং ১০০ জন কৃষক কৃষাণীর মাঝে রোপা আউশ ধানের বীজ ও সার বিতরণ করা হবে। ০.০৫ শতাংশ জমি অনাবাদী থেকে আবাদের আওতায় এসেছে।<br><br>জৈব সাবের উৎপাদন বৃদ্ধির জন্য ১৫ জন উদ্যোক্তা তৈরি করা হয়েছে। এছাড়াও বীজের চাহিদা মিটানোর জন্য আধুনিক বীজ উৎপাদন ৩টি গ্রুপ তৈরি করা হয়েছে।<br><br>পারিবারিক পুষ্টি চাহিদা মিটানোর জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।<br><br>উত্তম কৃষি চর্চার মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে ১৬০টি খৃষিকথা বই বিতরন করা হয়েছে। সঠিক সার নিরুপনের জন্য মাটি পরীক্ষার জন্য ২৫ কৃষকের নমুনা প্রেরন করা হয়েছে।<br><br>কৃষক প্রশিক্ষন ও উঠান বৈঠকের মাধ্যমে ৪০০ জন কৃষকের প্রশিক্ষন প্রদান করা হয়েছে।<br><br>ইউনিয়ন পর্যায়ে ফিয়াক সেন্টার হতে ৬৯৫ জন কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। | -- | -- |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কয়রা, খুলনা সভায় মার্চ/২০২৩ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।<br>১) কৃত্রিম প্রজনন কার্যক্রম: ৩৪০<br>২) টিকা প্রদান কার্যক্রম : গবাদি পশু ২৯৯৬<br>হাঁস মুরগি ১৩৮৩০০<br>৩) চিকিৎসা প্রদান- গবাদি পশু ১৮৯০<br>হাঁস মুরগি ৮৫৭২<br>৪) নিয়মিত ভাবে হাঁস-মুরগি ও গবাদিপশুর ডিওয়ার্মিং করানো হয়।<br>৫) ঋতু পরিবর্তনের সময় প্রাণি পালনের সতর্কতার জন্য পরামর্শ দেওয়া হয়। | -- | -- |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কয়রা, খুলনার প্রতিনিধি সভার জানান ২৫/০৩/২০২৪ এবং ২৭/০৩/২০২৪ তারিখে রাজস্ব বাজেটের আওতায় মোট ৪০ জন মৎস্য চাষি ও মৎস্য উদ্যোক্তকে প্রশিক্ষণ প্রদান কর হয়।<br>জাটকা সংরক্ষণ অভিযান অব্যহত রয়েছে। এছাড়া অফিসের পরামর্শ সেবা ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | -- | -- |
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, উপজেলা হেড কোয়ার্টার-হায়াতখালী জিসি- গিলাবাড়ি জিসি সড়কের ১১১০.০০মিঃ চেইনেজে ৩.০মিঃ ৩.০মিঃ আরসিসি ঝুঁকিপূর্ণ বক্স কালভার্ট টির স্থানে নতুন বক্স কালভার্ট নির্মাণের জন্য ঠিকাদার নির্বাচন সহ নির্বাহী প্রকৌশলী এলজিইডি, খুলনা মহোদয়ের কর্তৃক কার্যাদেশ পাওয়া গিয়েছে। উক্ত পুরাতন ঝুঁকিপূর্ণ কালভার্ট নিলামের মাধ্যমে অপসারণ করা প্রয়োজন। বিধায় নিম্ন বর্ণিত নিলাম কমিটি সভায় উপস্থাপন করেন।<br>১। উপজেলা কৃষি অফিসার কয়রা, খুলনা<br>২। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, কয়রা, খুলনা<br>৩। উপজেলা প্রকৌশলী এলজিইডি, কয়রা, খুলনা<br><br>(খ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, ICT মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিষদের ৬ষ্ঠ তলায় জয় ডিজিটাল সেন্টার নির্মাণ কাজটি ইতি পূর্বে টেন্ডার সহ ঠিকাদার নির্বাচন করা হয়। যাহা দুই মাস অতিবাহিত হয়েছে, বর্তমানে উপজেলা পরিষদের ৬ষ্ঠ তলায় | (ক) সভার বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br><br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের ৬ষ্ঠ তলায় | উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা। |

চলমান পাতা-০৮

| | |
|---|---|
| ছাদে সোলার প্যানেল, পানির টেংকি, বিভিন্ন দপ্তরের এবং উপজেলা পরিষদের বিভিন্ন মালামাল থাকায় উক্ত স্থানে কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। প্রকল্পটি জরুরি বাস্তবায়নের নিমিত্তে ৬ষ্ঠ তলায় অবস্থিত মালামাল সমূহ জরুরি অপরসণের জন্য সভায় প্রস্তাব করেন। | অবস্থিত মালামাল সমূহ জরুরি অপরসণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে চিঠি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (গ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, শহর (নন-মিউনিসিপ্যাল) প্রকল্পের আওতায় দুইটি পাবলিক টয়লেট নির্মাণের জন্য ইতি পূর্বে উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা আনসার ভিডিপি অফিসের পিছনে একটি পাবলিক টয়লেট নির্মাণের স্থান নির্ধারন ছিলো। কিন্তু পাবলিক টয়লেট নির্মাণের ক্ষেত্রে 40'-0''X 30'-0''জায়গা প্রয়োজন। উক্ত স্থানে সমপরিমান জায়গা না থাকায় উপজেলা পরিষদের অফিস সংলগ্ন আশেপাশে জায়গা নির্ধারণ করা প্রয়োজন। | (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে পরবর্তী সভায় জায়গা নির্বাচন সাপেক্ষে পাবলিক টয়লেট নির্মাণের কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (ঘ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) প্রকল্পের আওতায় অপর পাবলিক টয়লেটটি নির্মাণের জন্য ইতিপূর্বে কপোতাক্ষ মহাবিদ্যালয়ের সামনে দিক্ষে সরকারি খাস জায়গার আছে উক্ত স্থানে জায়গা ও অন্যান্য বিষয়ে কোন প্রতিবন্ধকতা না থাকলে সভায় অনুমোদিত হলে পাবলিক টয়লেট নির্মাণ করা যেতে পারে। | (ঘ) সভার বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে পরবর্তী সভায় জায়গা নির্বাচন সাপেক্ষে পাবলিক টয়লেট নির্মাণের কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (ঙ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় ০৪ (চার) কিস্তিতে মোট ১,২৬,২০,৫৮০/- (এক কোটি ছাব্বিশ লক্ষ বিশ হাজার পাঁচশত আশি) টাকা বরাদ্দ পাওয়া গেছে। ইতিপূর্বে ১,০৫,১৪,০৮৮/- (এক কোটি পাঁচ লক্ষ চৌদ্দ হাজার আটাশি টাকা) প্রকল্প গ্রহণ করা হয়। অবশিষ্ট ১,২৬,২০,৫৮০/- ১,০৫,১৪,০৮৮/- = ২১,০৬,৪৯২/- এবং ৫% নিম্ন দরে দাখিলকৃত দরপত্র অবশিষ্ট ৩,৯৭,৫০৮/- সর্বমোট ২৫,০৪,০০০/- টাকা প্রকল্প গ্রহণ করা যেতে পারে। সর্বমোট ২৫,০৪,০০০/- (পঁচিশ লক্ষ চার হাজার) টাকার অনুকূলে গৃহিত স্কীম সমূহ উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা মাসিক সভায় স্কীম সমূহের প্রণীত প্রাক্কলিত ব্যয় অনুমোদনের জন্য পেশ করেন। যাহা নিম্নরুপঃ | (ঙ) সভার বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে ০১, ০৩, ০৪ ও ০৬ ক্রমিক নং এর স্কীম সমূহ টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন ০২ ও ০৫ ক্রমিক নং এর স্কীম সমূহ কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন এবং ০৭ ও ০৮ ক্রমিক নং এর স্কীম সমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্রঃ নং | স্কীমের নাম | খাত | বরাদ্দকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | মাঝেরআইট পিচের মাথা হইতে লোকা জামান খার বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৫,৫০,০০০/- | টেন্ডার |
| ০২ | মদিনাবাদ বিহারী মন্ডলের বাড়ি হইতে পরিষদের গেট পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন | যোগাযোগ | ৬,০০,০০০/- | কোটেশন |
| ০৩ | কাটমারচর খেয়াঘাটে সোলিং রাস্তার মাথা হইতে কাঠমারচর প্রাথমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৩,০০,০০০/- | টেন্ডার |
| ০৪ | হরিহরপুর লঞ্চঘাট হইতে হরিহরপুর প্রাথমিক বিদ্যালয় অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার | যোগাযোগ | ৩,০০,০০০/- | টেন্ডার |
| ০৫ | শ্যামখালী বিসি সড়ক হইতে শ্যামখালী প্রাথমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ১,৫৪,০০০/- | কোটেশন |
| ০৬ | গোবরা পূর্বচক আহাদুল এর বাড়ি হইতে কমিউনিটি ক্লিনিক ইটের সোলিং দ্বারা উন্নয়ন | যোগাযোগ | ২,০০,০০০/- | টেন্ডার |
| ০৭ | মদিনাবাদ ইয়াকুব সরদার এর কালভার্ট হইতে শ্মশান ঘাট অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | পিআইসি |
| ০৮ | মোংলাই সরকারি প্রাথমিক বিদ্যালয় হইতে শেখ বাড়ি মসজিদ অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার। | যোগাযোগ | ২,০০,০০০/- | পিআইসি |

অনুমোদিত ক্রমিক নং ৭ ও ৮ স্কীমের বাস্তবায়নের নিমিত্তে প্রকল্প বাস্তবায়ন কমিটি তালিকা পাওয়া গিয়াছে যাহা নিম্নরুপঃ

১) মদিনাবাদ ইয়াকুব সরদার এর কালভার্ট হইতে শ্মশান ঘাট অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। প্রাক্কলিত মূল্য ঃ ২,০০,০০০/-

| ক্রঃ নং | নাম | সামাজিক পরিচিতি | কমিটির পরিচিতি |
|---|---|---|---|
| ০১ | মোঃ মাছুম বিল্লাহ | ইউপি,সদস্য | সভাপতি |
| ০২ | মোস্তফা শফিকুল ইসলাম | ইউপি,সদস্য | সচিব |
| ০৩ | ফিরোজ আহম্মেদ | শিক্ষক | সদস্য |
| ০৪ | আজিজুল ইসলাম মোল্যা | গন্যমান্য | ,, |
| ০৫ | মোঃ আবু মুছা সরদার | সমাজ সেবক | ,, |
| ০৬ | নুর মোহাম্মদ | গন্যমান্য | ,, |
| ০৭ | শাহরুননেছা | সমাজ সেবিকা | ,, |

২) মোংলাই সরকারি প্রাথমিক বিদ্যালয় হইতে শেখ বাড়ি মসজিদ অভিমুখে ইটের সোলিং রাস্তা সংস্কার। প্রাক্কলিত মূল্য ঃ ২,০০,০০০/-

| ক্রঃ নং | নাম | সামাজিক পরিচিতি | কমিটির পরিচিতি |
|---|---|---|---|
| ০১ | মোঃ আবু হুরাইরা শেখ | ইউপি,সদস্য | সভাপতি |
| ০২ | আক্তারুজ্জামান খোকন | সমাজ সেবক | সচিব |
| ০৩ | সন্তষ কুমার বর্মণ | গন্যমান্য | সদস্য |
| ০৪ | জাহাঙ্গীর আলম | গন্যমান্য | ,, |
| ০৫ | হাবিবুর রহমান | সমাজ সেবক | ,, |
| ০৬ | মাষ্টার মিহির কান্তি | শিক্ষক | ,, |
| ০৭ | রেশমা খাতুন। | সমাজ সেবিকা | ,, |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস কয়রা, খুলনা। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার মার্চ/২০২৪ মাসের কাজের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | -- | -- |

| সেবার নাম | মোট |
|---|---|
| সক্ষম দম্পত্তি | ৪৩,৬৭৫ জন |
| গ্রহণকারী | ৩৩,১৪৬ জন |
| সি এ আর | ৭৫.৮৯% |
| স্থায়ী পদ্ধতিঃ | পুরুষঃ ০ জন ও মহিলাঃ ০ জন সর্বমোটঃ ০ জন। |
| আই ইউ ডি | নতুন ১৩ জন |
| ইমপ্ল্যান্ট | নতুন ৭৮ জন |
| ইনজেকটেবলস | ৪,২১৪ জন |
| খাবার বড়ি | ২১,০৭৭ জন |
| কনডম | ২,০৫৭ জন |
| মা ও শিশু স্বাস্থ্য সেবা | |
| গর্ভবতীর সংখ্যা | ১৭৬৫ জন |
| এএনসি | ২৯৬ জন |
| পিএনসি | ৬৪ জন |
| ডেলিভারি | UH&FWC : ০১ জন ও সিএসবিএ কর্তৃক: ০৩ জন সর্বমোট: ০৪ জন। |
| জীবিত জন্ম | ০৪ জন |
| মাতৃমৃত্যু | ০ জন |
| শিশু মৃত্যু | ০ জন |
| শিশু স্বাস্থ্য সেবা | |
| কেন্দ্র | ৫৭৮ জন |
| কেন্দ্রের বাহিরে | ৮০ জন |
| সাধারণ রোগী | ২৭৩৪ জন |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | উপজেলা শিক্ষা অফিস, কয়রা, খুলনা। | উপজেলা শিক্ষা অফিসার, কয়রা, খুলনা মার্চ/২০২৪ মাসের তথ্য সভায় উপস্থাপন করেন।<br>০১) ২০২৩-২৪ অর্থ বছরে পিইডিপি৪ এর আওতায় ক্ষুদ্র মেরামত বাবদ বিদ্যালয় প্রতি ২,০০,০০০/- টাকা হিসেবে ১০টি বিদ্যালয়ে সর্বমোট ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা শিক্ষা কমিটিতে প্রাক্কলন অনুমোদনের নিমিত্ত ইতোমধ্যে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কয়রা, খুলনাকে প্রাক্কলন প্রস্তুতের জন্য পত্র | -- | -- |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কয়রা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস কয়রা, খুলনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস কয়রা, খুলনা। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কয়রা, খুলনার প্রতিনি সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৩. | উপজেলা সমবায় অফিস, কয়রা, খুলনা। | উপজেলা সমবায় অফিসার, কয়রা, খুলনা সভায় জানান যে, অত্র উপজেলায় .২৭/০২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৯৫ টি। ২০২০-২১ অর্থ বছরে ৯৭,৪৭০/- টাকা এবং ২০২২-২০২৩ অর্থ বছরে ৪২,৭৭০/- টাকা অডিট ফি আদায় করে ট্রেজারি চালনের মাধ্যমে জমা প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ, সেমিনার ও জাতীয় সমবায় দিবস পালন উপলক্ষে সমিতির নীট লাভের ৩% হারে সমবায় উন্নয়ন তহবিল বাবদ ২০২১-২০২২ অর্থবছরে ২৯,১০৩/- টাকা ও ২০২২-২৩ অর্থবছরে ১২,৫৫৩/- টাকা সমবায় উন্নয়ন তহবিল আদায় করে অন লাইনের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সমিতির ৪৮০ জন সদস্যকে সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এছাড়া ও বিভিন্ন সমিতি থেকে ১০০ জন সদস্যদের সমন্বয়ে মৎস্যচাষ, গবাদীপশু, হাঁস মুরগী পালন, নারীর ক্ষমতায়ন ও বাল্য বিবাহ বিষয়ক ভ্রাম্যমান প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br><br>অত্র উপজেলায় ০৩ টি আশ্রয়ণ প্রকল্প আছে (ক) আমাদী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২), (খ) বাগালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২) ও (গ) মালিখালী আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-০২)। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে আমাদী আশ্রয়ণ প্রকল্পে ১৬,১০,০০০/- টাকা ও বাগালী আশ্রয়ণ প্রকল্পে ৮,০০,০০০/- টাকা ঋণ বরাদ্দ পাওয়া গিয়েছে। আমাদী আশ্রয়ণ প্রকল্পের পূনর্বাসিতদের মধ্যে বিভিন্ন ট্রেডে ঘূর্ণায়মান তহবিল হিসেবে ১৯,০১,০০০/- টাকা ঋণ দাদন করা হয়েছে। ঋণের আসল আদায় ১৩,৭১,৪৯৭/- টাকা এবং সুদ আদায় ১,১৩,৩১৪/- টাকা। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | -- | -- |
| ১৪. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, কয়রা, খুলনা। | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কয়রা, খুলনা সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কয়রা, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (৫ম ধাপের) ৬০ টি গভীর নলকূপ ও ১২২ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর স্থাপন কাজ চলমান রয়েছে। পাইকগাছা কয়রা উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পে ১৭৫০ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং, ২৫০ টি গভীর নলকূপ ০৪ টি পাবলিক টয়লেট এর কাজ শেষ পর্যায়ে। উপকূলীয় অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে ১১৭০ টি রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর কাজ চলমান রয়েছে। ৪র্থ ধাপের মুজিববর্ষের গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য নির্মিত ঘরে পানির উৎস স্থাপনের কাজে ৯৬ টি রেইনওয়াটার হার্ভেস্টিং ও ১ টি গভীর নলকূপ স্থাপন সমাপ্ত হয়েছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | -- | -- |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর কয়রা, খুলনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন অফিস, কয়রা, খুলনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা মার্চ/২০২৪ মাসের সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।<br>বিষয় \| চলতি \| চলতি বছর \| ক্রমপুঞ্জিত \| মন্তব্য | -- | -- |

চলমান পাতা- ১১

| | মাস | | | |
|---|---|---|---|---|
| প্রশিক্ষণ | ৬০ | ৪২০ | ৯২১৮ জন | -- |
| ঋণ বিতরণ (আত্মকর্ম) | ০ | ১২৭০০০০/- | ২,১০,৮১,৫০০/- | -- |
| পরিবার ভিত্তিক ক্ষুদ্রঋণ বিতরণ | ০ | ০ | ৪২,৪০,০০০/- | -- |
| যুব উদ্যোক্ত ঋণ বিতরণ | ০ | ০ | ২,০০,০০০/- | -- |
| ঋণ আদায় হার | ৯৫% | ৯৫% | ৯৭% | -- |
| আত্মকর্মীর তথ্য | ০ | ৩৩ | ৩৫০৯ জন | -- |
| যুব সংগঠন নিবন্ধন | ০১ | ০১ | ১৪ টি | -- |
| জোরদারকরণ প্রকল্প | ০ | ০ | ৩,২৫,০০০/- | -- |

তিনি আরও জানান ঋণ আদায় ও প্রশিক্ষণ স্বাভাবিক গতিতে চলমান।

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কয়রা, খুলনা মার্চ/২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন: শেয়ার আদায় ১৮,০০০/- টাকা, সঞ্চয় আদায় ২,২০,০০০/- টাকা, ঋণ আদায় ২৪,৫০,০০০/- টাকা, ঋণ বিতরণ ২০,০৬,০০০/- টাকা, ঋণ গ্রহণকারী পুরুষ ২৫ জন ও মহিলা ৩৫ জন, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ৯৪,৬৪,০০০/- টাকা, মাঠে ঋণ পাওনা ৫,৪৬,৯৯,০০০/- টাকা। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |
| ১৮. | উপজেলা সামাজিক বন বিভাগ, কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ১৯. | পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কয়রা শাখা, খুলনা সভায় জানায় পল্লী সঞ্চয় ব্যাংকের সমিতির সংখ্যা ১৯৩ টি, সদস্য সংখ্যা ৭৯০৩ জন, লোনী সদস্য ৪৮৪৭ জন, ঋণ বিতরণ ৫৪৭.০০ (লক্ষ টাকা)। তিনি আরও জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | -- | -- |
| ২০. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, কয়রা, খুলনা। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কয়রা, খুলনা সভায় জানান যে, পিডিবিএফ কয়রা কার্যালয়ে ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। লক্ষমাত্রা অনুযায়ী ক্ষুদ্র ঋণ বাবদ ৩,২২,৫১,০০০/- (তিন কোটি বাইশ লক্ষ একান্ন হাজার) টাকা নারী উদ্যোক্তার মধ্যে ২১,৫০,০০০/- (একুশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ৫৭,৯০,০০০/- (সাতান্ন লক্ষ নব্বই হাজার) টাকা ঋণ বিনিয়োগ করেছে। যার চলতি ঋণ আদায়ের হার ৯৭%। তিনি আরও জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | -- | -- |

২১. আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল)

উপজেলা পরিষদের দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানোর জন্য নিম্নবর্নিত ব্যয় বিল পরিষদের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ফেব্রুয়ারি/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ৪০,০০০/- |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ফেব্রুয়ারি/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ফেব্রুয়ারি/২০২৪ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ফেব্রুয়ারি/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বিল। | ২৯,৯৯৫/- |
| ০৫. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার ফেব্রুয়ারি/২০২৪ মাসের আনুষংগিক ব্যয় বিল। | ৪,৯৯৫/- |
| ০৬. | উপজেলা পরিষদ মালীর ফেব্রুয়ারি/২০২৪ মাসের মজুরী বিল। | ৯,৫০০/- |

| | | |
|---|---|---|
| ০৭. | উপজেলা পরিষদ সুইপারের ফেব্রুয়ারি/২০২৪ মাসের মজুরী বিল। | ১০,৪৫০/- |
| ০৮. | উপজেলা পরিষদ, কয়রা, খুলনার খুলনা ঘ-১১-০০০৭ নং জীপ গাড়ীর ফেব্রুয়ারি/২০২৪ মাসের জ্বালানী তেলের ব্যয় বিল ভ্যাট ও আয়করসহ মোট বিল। | ৩০,১৬৭/- |

সিদ্ধান্ত ঃ উপর্যুক্ত বিল সমূহের ব্যয় সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিল সমূহের অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এস, এম, শফিকুল ইসলাম
উপজেলা চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩১১ (অফিস)

উপজেলা পরিষদ
কয়রা, খুলনা।

স্মারক নংঃ ৪৬.৪৪.৪৭৫৩.০০১.০৬.০০১.২৪-১১ (৪৫) তারিখঃ ২৮-০৩-২০২৪ খ্রি।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য-১০৪, খুলনা-০৬।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।

অনুলিপি সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
০৮। উপজেলা.................................................অফিসার, কয়রা, খুলনা।
০৯। চেয়ারম্যান...................................ইউপি (সকল), কয়রা, খুলনা।
১০। সংরক্ষিত মহিলা সদস্য................................,কয়রা, খুলনা।

২৮.০৩.২০২৪
বি. এম. তারিক-উজ-জামান
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
কয়রা, খুলনা।
☎০২৪৭৭৭৩১৩০৬ (অফিস)
E-mail-unokoyra@mopa.gov.bd